**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৮৯

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: খসড়া আইপিও রুলসের বিষয়ে অংশীজনদের (ইস্যুয়ার কোম্পানি) সাথে বিএসইসির বৈঠক প্রসঙ্গে।**

অদ্য ২৬ নভেম্বর ২০২৫ তারিখে খসড়া 'Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025' এর বিষয়ে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে পুঁজিবাজার অংশীজনদের (ইস্যুয়ার কোম্পানিসমূহ) বৈঠক অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র মাল্টিপারপাস হলে বেলা ১১:০০ ঘটিকায় বৈঠকটি শুরু হয়। বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ উক্ত বৈঠকের সভাপতিত্ব করেন। বৈঠকটিতে পুঁজিবাজারের অংশীজনদের সাথে খসড়া 'Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025' সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বৈঠকে ইস্যুয়ার কোম্পানিসমূহের প্রতিনিধিবৃন্দ খসড়া 'Bangladesh Securities and Exchange Commission (Public Offer of Equity Securities) Rules, 2025' এর বিভিন্ন বিষয়ে মতামত ও পরামর্শ তুলে ধরেন।

বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান মোস্তফা কামাল ও পরিচালক তানভির মোস্তফা, ইলেকট্রোমার্ট লিমিটেড এর চেয়ারম্যান মো. নুরুন নেওয়াজ, ডিবিএল গ্রুপের ভাইস চেয়ারম্যান এম এ রহিম ফিরোজ, আকিজ বশির গ্রুপের ফিন্যান্স ডিরেক্টর মোহাম্মদ জাহিদ হোসেন, পিএইচপি ফ্যামিলির সিনিয়র নির্বাহী পরিচালক মোস্তফা জামাল হোসেন, ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর নির্বাহী পরিচালক নাইমুল হুদা, সিটি গ্রুপের আর্থিক ও বিনিয়োগ বিষয়ক পরিচালক রেজা উদ্দিন আহমেদ, ফেয়ার গ্রুপের চিফ ফিনান্সিয়াল অফিসার (CFO) কাজী নাসির উদ্দিন, ডিবিএল গ্রুপের বোর্ড সেক্রেটারি মোঃ শাহ আলম মিয়া, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের সিনিয়র ডিজিএম মোঃ আফজাল হোসেন, ইলেকট্রোমার্ট লিমিটেড এর সিনিয়র ডিজিএম গোলাম সারওয়ার, বিএসইসির নির্বাহী পরিচালক মোঃ মাহবুবের রহমান চৌধুরী এবং বিএসইসির পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ আরো অনেকে উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৬/১১/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

